

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ  
বিএসএল অফিস কমপ্লেক্স  
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)  
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ: ২৩ এপ্রিল, ২০২৬ খ্রি.

## প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ২৩/০৪/২০২৬ তারিখ রোজ বৃহস্পতিবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব সিরাজুম মুনীরা কায়ছান এর নেতৃত্বে "হেলদি ফুড" ৪০০ নিউ ইন্সটন, মগবাজার, ঢাকাতে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

অভিযানকালে উক্ত প্রতিষ্ঠানটির রান্নাঘর বেশ পরিষ্কার-পরিচ্ছন্ন অবস্থায় পরিলক্ষিত হয়; ফ্রিজে যথাযথ লেবেলে বিহীন অবস্থায় মাংস, নুডলস, রাইস এবং বিভিন্ন ধরনের সবজী সংরক্ষণ করতে দেখা যায়; স্টোরে আমদানিকারকের তথ্য বিহীন বিবিকিউ সস, এইচ পি সস ও চিলি ফ্লেঞ্জ সংরক্ষণ করতে দেখা যায়; এছাড়াও প্রতিষ্ঠানটি তাদের রেস্তোরাঁ নিবন্ধন সনদ, প্রিমিসেস লাইসেন্স, খাদ্য কর্মীদের স্বাস্থ্য সনদ এবং ফায়ার লাইসেন্স প্রদর্শনে ব্যর্থ হয়। সংশোধনের শর্তে আনীত অভিযোগের বিষয়ে ব্যবস্থাপকের বক্তব্য সন্তোষজনক হওয়ায় তাকে অব্যাহতি প্রদান করা হয়। সংগীয় মনিটরিং অফিসারকে মাইনর ব্যত্যয়সমূহ সংশোধন বিষয়ে একটি কম্প্লায়েন্স প্রতিবেদন কোর্টকে দেয়ার জন্য আদেশ করা হয়।

অভিযানকালে জনাব মাহমুদুল হাসান আনচারী, নিরাপদ খাদ্য পরিদর্শক ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং ব্যাটেলিয়ন আনসার সদস্যবৃন্দের একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।



২৩.০৪.২০২৬

বি. এম. রুহুল আমিন রিমন  
উপপরিচালক (মাঠ কার্যক্রম অধিশাখা)  
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

ই-মেইল: [dd.enforcement@bfsa.gov.bd](mailto:dd.enforcement@bfsa.gov.bd)

### বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৭। অফিস কপি।